## **প্রশ্ন #1: নির্বাচন**

এই প্রস্তাবনা দ্বারা সিটি অফিসগুলোর নির্বাচন সংক্রান্ত সিটি চার্টারে বেশ কয়েকটি সংশোধন নিয়ে আসবে।

**পদমর্যাদা ভিত্তিক ভোটিং।** বর্তমানে অধিকাংশ সিটি অফিসের নির্বাচনসমূহ পুরনো সংখ্যাগরিষ্ঠতা বা "প্রথম হওয়া ব্যক্তি বিজয়ী" পদ্ধতি ব্যবহার করে পরিচালিত হয় যেটিতে প্রার্থী কত শতাংশ ভোট পেল সেটি এবং প্রার্থীর গৃহীত ভোটের বড় অংশের চেয়ে কম ভোট পেল কি না সেগুলো বিবেচনা ব্যতিরেকেই সবচেয়ে বেশি ভোট পাওয়া প্রার্থী বিজয়ী হয়ে থাকে। তিনটি সিটিব্যাপী অফিস (মেয়র, পাবলিক অ্যাডভোকেট ও কম্পট্রোলার)-এর প্রাথমিক নির্বাচনসমূহে এবং মেয়রের বিশেষ নির্বাচনে যদি কোনো প্রার্থী মোট ভোটের 40% না পান তাহলে পরবর্তী একটি তারিখে সর্বোচ্চ ভোট প্রাপ্ত দুইজন প্রার্থীর মধ্যে একটি দ্বিতীয় পর্যায়ের আলাদা নির্বাচন অনুষ্ঠিত হয়।

এই প্রস্তাবিত চার্টার সংশোধনীটি মেয়র, পাবলিক অ্যাডভোকেট, কম্পট্রোলার, বরো প্রেসিডেন্ট এবং সিটি কাউন্সিল মেম্বারদের জন্য প্রাথমিক ও বিশেষ নির্বাচনেও পদমর্যাদা ভিত্তিক ভোটিংয়ের ভিত্তিতে অনুষ্ঠিত হয় যা তাৎক্ষণিক দ্বিতীয় পর্যায়ের ভোটগ্রহণ নামেও পরিচিত। ভোটারগণ পছন্দক্রম অনুযায়ী পাঁচজন পর্যন্ত প্রার্থীর পদ নির্বাচন করাসহ ব্যালটে নেই এমন কোনো প্রার্থীর নাম লিখতে পারবেন। যদি কোনো প্রার্থীই ফার্স্ট-চয়েজ ভোটে সংখ্যাধিক্য অর্জন করতে না পারে তাহলে ফার্স্ট চয়েজ ভোটের ন্যূনতম ভোট পাওয়া প্রার্থী বাদ পড়ে যেতে পারে এবং যে ভোটাররা ঐ প্রার্থীদেরকে বেছে নিয়েছিলেন তাদের ভোট দ্বিতীয় ধাপে বাছাইকৃত প্রার্থীকে হস্তান্তর করতে পারবেন। দুইজন প্রার্থী অবশিষ্ট না থাকা পর্যন্ত এই পদ্ধতি বারংবার চলতে থাকবে এবং তখনই সর্বোচ্চ ভোট পওয়া প্রার্থী জয়ী হবে। প্রাথমিক এবং বিশেষ নির্বাচনে এ সকল অফিসের জন্য পদমর্যাদা ভিত্তিক ভোটিং পদ্ধতির কারণে পরবর্তী তারিখে আলাদাভাবে অনুষ্ঠিত দ্বিতীয় পর্যায়ের নির্বাচন বাতিল হয়ে যেতে পারে। সাধারণ নির্বাচনে পদমর্যাদা ভিত্তিক ভোটিং অনুসরণ করা হয় না যা অপরিবর্তীত থাকে এবং প্রথাগত "প্রথম হওয়া ব্যক্তি বিজয়ী" সংখ্যাধিক্য পদ্ধতি ব্যবহার করে। এই প্রস্তাবিত সংশোধনীর অধীনে ভোটারদেরকে পদমর্যাদা ভিত্তিক ভোটিং পদ্ধতির পরিচিত করানোর জন্য সিটির একটি ভোটার এডুকেশন ক্যাম্পেইন পরিচালনা করা দরকার।

এই প্রস্তাবিত সংশোধনী 1 জানুয়ারি, 2021 তারিখের পর মেয়র, পাবলিক অ্যাডভোকেট, কম্পট্রোলার, বরো প্রেসিডেন্ট এবং সিটি কাউন্সিল মেম্বারের জন্য অনুষ্ঠিত সকল প্রাথমিক এবং বিশেষ নির্বাচন অনুষ্ঠানের জন্য প্রযোজ্য হবে।

**বিশেষ নির্বাচনসমূহের সময়সীমা।** সম্প্রতি, এক মেয়াদের জন্য পাবলিক অ্যাডভোকেট, কম্পট্রোলার, বরো প্রেসিডেন্ট বা সিটি কাউন্সিল মেম্বারের অফিসের পদ খালি হলে অন্তবর্তীকালীন সময়ের জন্য অফিস বহাল রাখতে এর প্রায় 45 দিন পর সাধারণত একটি নির্দলীয় বিশেষ নির্বাচন অনুষ্ঠিত হয়। যখন মেয়রের অফিসের পদ খালি হয় তখন সাধারণত প্রায় 60 দিন পর একটি বিশেষ নির্বাচন অনুষ্ঠিত হয়। প্রস্তাবিত চার্টার সংশোধনীটি নির্ধারিত সময়সীমা বর্ধিত করতে পারে যাতে এর প্রতিটি অফিসের জন্য 80 দিনের মধ্যে একটি বিশেষ নির্বাচন অনুষ্ঠিত হতে পারে যার ফলে নির্বাচন বোর্ড সামরিক প্রশাসন এবং বিদেশী ভোটারদের নিকট ই-মেইলের মাধ্যমে ব্যালট পাঠানোর জন্য আরও সময় পায়।

এই প্রস্তাবিত সংশোধনী অবিলম্বে কার্যকর হবে।

**পুনঃডিস্ট্রিক্টকরণের সময়।** মার্কিন যুক্তরাষ্ট্রের সাম্প্রতিকতম আদমশুমারি অনুসারে সিটি কাউন্সিলের ডিস্ট্রিক্টের সীমানা জনসংখ্যা পরিবর্তনের সাথে সাথে প্রতি দশ বছর পরপর পুনরায় বিন্যস্ত করা হয়। এই প্রক্রিয়াকে সাধারণত "পুনঃডিস্ট্রিক্টকরণ" বলা হয়ে থাকে। মেয়র এবং সিটি কাউন্সিল কর্তৃক নিয়োজিত ডিস্ট্রিক্টকরণ কমিশন এই পুনঃডিস্ট্রিক্টকরণের কাজটি করে থাকে এবং এর মধ্যে গণ শুনানি অন্তর্ভুক্ত থাকে এবং এখানে নতুন সিটি কাউন্সিলের জন্য মানচিত্র তৈরি করা হয়। বর্তমান চার্টারের অধীনে, 2022 সালের মাঝামাঝি সময়ে নতুন ডিস্ট্রিক্টকরণ প্রক্রিয়া শুরু হবে এবং 2023 সালে শেষ হবে। কিন্তু নিউ ইয়র্ক স্টেট সম্প্রতি একটি নতুন আইন প্রবর্তন করেছে যা সিটির প্রাথমিক নির্বাচনকে সেপ্টেম্বর থেকে জুনে সরিয়ে নিয়েছে; এর ফলে, সিটি কাউন্সিলের প্রার্থীগণ পুনঃডিস্ট্রিক্টকরণ প্রক্রিয়া সম্পন্ন হওয়ার পূর্বে প্রাথমিক নির্বাচনের ব্যালট অংশগ্রহণের জন্য মনোনয়ন আবেদনপত্রে স্বাক্ষর সংগ্রহের কাজ শুরু করবে। অন্যকথায় বলতে গেলে, সিটি কাউন্সিলের প্রার্থীগণকে ডিস্ট্রিক্টের বাসিন্দাদের নিকট হতে স্বাক্ষর সংগ্রহ করতে হবে কিন্তু তারা তাদের ডিস্ট্রিক্টের সীমানা জানতে পারবে না। প্রস্তাবিত সংশধনীতে পুনঃডিস্ট্রিক্টকরণ প্রক্রিয়ার সময়সীমা তুলনামূলকভাবে কম যার ফলে সিটি কাউন্সিলের প্রার্থীদের আবেদনপত্র সংগ্রহের সময় শুরু হওয়ার পূর্বেই এটি সমাপ্ত হয়ে যাবে।

এই প্রস্তাবিত সংশোধনী অবিলম্বে কার্যকর হবে যার ফলে এটি পরবর্তী পুনঃডিস্ট্রিক্টকরণ প্রক্রিয়ায় বাস্তবায়ন করা যাবে।

## প্রশ্ন #2: বেসামরিক অভিযোগ পর্যালোচনা বোর্ড

এই প্রস্তাবনা বেসামরিক অভিযোগ পর্যালোচনা বোর্ড (CCRB) সংশ্লিষ্ট সিটি চার্টারে বেশ কিছু সংশোধনী নিয়ে আসবে।

CCRB জনগণ কর্তৃক পুলিশের বিরুদ্ধে ক্ষমতার অপব্যবহার, কর্তৃত্বের অপচর্চা, অসৌজন্যতা বা অসৌজন্য বাক্যালাপ সম্পর্কে □□□□□□□□□ অভিযোগ অনুসন্ধান করে এবং অভিযোগগুলোর সমাধানও করে। অধিকাংশ ক্ষেত্রে, CCRB সরাসরি পুলিশ বিভাগকে নিয়মানুবর্তিতা সম্পর্কে সুপারিশমালা প্রদান করে। এ রকম আরও মারাত্মক ঘটনার ক্ষেত্রে, পুলিশ বিভাগের সাথে চুক্তির ভিত্তিতে CCRB সরাসরি পুলিশ অফিসারদের বিরুদ্ধে প্রশাসনিক আদালতে মামলা করে বিচার দাবি করে যার সভাপতিত্ব করেন পুলিশ বিভাগের একজন কর্মকর্তা। সকল ক্ষেত্রেই, চূড়ান্ত শাস্তি প্রদানকারী কর্তৃপক্ষের সাথে পুলিশ কমিশনার উপস্থিত থাকেন।

**বেসামরিক অভিযোগ পর্যালোচনা বোর্ডের গঠন কাঠামো।** সম্প্রতি, CCRB 13 সদস্য বিশিষ্ট্য যারা মেয়র কর্তৃক নিয়োগপ্রাপ্ত। সিটি কাউন্সিল পাঁচজন সদস্যকে মনোনয়ন দেয়। পুলিশ কমিশনার তিনজনকে মনোনয়ন দেয়। এবং অবশিষ্ট পাঁচজন সদস্য মেয়র নিজেই নির্বাচন করেন। মেয়র আরও একজনকে নির্বাচন করেন যিনি সভাপতি হিসেবে দায়িত্ব পালন করেন। প্রস্তাবিত চার্টার সংশোধনীতে দুইজন সদস্য যোগ করার মাধ্যমে CCRB এর পরিধি বৃদ্ধি করা হবে: এর মধ্যে একজন সদস্য পাবলিক অ্যাডভোকেট কর্তৃক নিয়োগ প্রাপ্ত হবেন এবং অন্য একজন মেয়র এবং সিটি কাউন্সিলের স্পিকার কর্তৃক সভাপতি হিসেবে দায়িত্ব পালনের জন্য যৌথভাবে নির্বাচিত হয়। সভাপতির পদ খালি হলে মেয়র বিদ্যমান সদস্যদের মধ্য হতে একজন অন্তবর্তীকালীন সভাপতি নিয়োগ প্রদান করবেন। সংশোধনীতে আরও উল্লেখ থাকবে যে সিটি কাউন্সিল শুধুমাত্র এর সদস্যদের মনোনয়ন দেওয়া ছাড়াও সরাসরি তাদের নিয়োগ দিতে পারবে এবং এর কোনো পদ খালি হলে 60 দিনের মধ্যে তা পূরণ করবে।

প্রস্তাবিত সংশোধনী 31 মার্চ 2020 থেকে কার্যকর হবে, এর বাইরে দুইজন নতুন সদস্যের বিধিমালা 6 জুলাই 2020 থেকে কার্যকর হবে।

**CCRB এর সংরক্ষিত বাজেট।** প্রতি বছর মেয়র এবং সিটি কাউন্সিল কর্তৃক CCRB এর বাজেট নির্ধারিত হয়। রাজস্ব বছর 2021 এর শুরুতে, প্রস্তাবিত চার্টার সংশোধনীতে CCRB এর বাজেট অনেক বেশি হবে যাতে করে এর মাধ্যমে বাজেটে উল্লিখিত সমজাতীয় পুলিশ কর্মকর্তাদের প্রায় 0.65% এর সমান সংখ্যক পুলিশ কর্মকর্তাদের সহায়তা প্রদান করা যায়, এক্ষেত্রে যদি মেয়র মনে না করেন যে অর্থনৈতিক বাজেট তুলনামূলকভাবে কম হওয়া দরকার তাহলে সংশোধনী বহাল থাকবে।

**শৃঙ্খলার প্রস্তাবনার বিচ্যুতি।** বর্তমানে, যদি CCRB কোনো পুলিশ অফিসারকে শৃঙ্খলাবদ্ধ করার সুপারিশ করে, তবে পুলিশ কমিশনারকে অবশ্যই সেই কর্মকর্তার উপর গৃহীত পদক্ষেপের বিষয়ে CCRB তে প্রতিবেদন দাখিল করতে হবে। তবে এই প্রতিবেদনে আরোপিত জরিমানার অন্তর্ভুক্তি বা ব্যাখ্যা করার দরকার নেই। পুলিশ বিভাগের কোনো কর্মকর্তা কর্তৃক পরিচালিত প্রশাসনিক বিচারে CCRB কর্তৃক সরাসরি অভিযুক্ত করা আরো গুরুতর ক্ষেত্রে, কমিশনারকে অবশ্যই শৃঙ্খলা আরোপের পূর্বে CCRB কে অবহিত করতে হবে যা CCRB বা প্রিজাইডিং কর্মকর্তা কর্তৃক সুপারিশকৃত এর তুলনায় কম। এই নোটিশগুলিতে কমিশনারের প্রস্তাবিত শৃঙ্খলা থেকে বিচ্যুত হওয়ার কারণগুলি অবশ্যই বিস্তারিত ব্যাখ্যা করতে হবে এবং সাধারণভাবে "ভেরিয়েন্স স্মারক" হিসেবে উল্লেখ করতে হবে।

প্রস্তাবিত চার্টার সংশোধনীর অধীনে, যদি CCRB সুপারিশ করে যে কোনো পুলিশ অফিসারকে শৃঙ্খলাবদ্ধ করা উচিত, তবে পুলিশ কমিশনারের CCRB এর প্রতিবেদনে আরোপিত যেকোনো শৃঙ্খলা বা জরিমানা সম্পর্কে বর্ণনা করা দরকার। এছাড়াও, যদি পুলিশ কমিশনার CCRB এর সুপারিশ (বা পুলিশ বিভাগের কর্মকর্তা প্রশাসনিক বিচারের পর যে পরামর্শ দেয়) থেকে বিচ্যুত হয় তবে তাকে অবশ্যই বিচ্যুত হওয়ার কারণগুলির বিস্তারিত ব্যাখ্যা প্রদান করতে হবে। এবং যদি আরোপিত শৃঙ্খলাটি যা সুপারিশ করা হয়েছিল তার চেয়ে কম হয়, তাহলে ব্যাখ্যায় অবশ্যই পুলিশ কমিশনার কীভাবে সিদ্ধান্তে পৌঁছেছিলেন এবং প্রতিটি বিষয়কে তিনি কীভাবে বিবেচনা করেছেন তা অন্তর্ভুক্ত করতে হবে। এই ব্যাখ্যাটি শৃঙ্খলা আরোপের 45 দিনের মধ্যে প্রদান করতে হবে (পুলিশ কমিশনার এবং CCRB কর্তৃক সংক্ষিপ্ত সময়সীমায় সম্মত হওয়া ব্যতীত)।

এই প্রস্তাবিত সংশোধনী অবিলম্বে কার্যকর হবে।

**CCRB এর বিষয়সমূহে মিথ্যা অফিসিয়াল বিবৃতি।** বর্তমানে, যদি CCRB বিশ্বাস করে যে কোনো পুলিশ কর্মকর্তা CCRB এর তদন্ত চলাকালীন মিথ্যা বিবৃতি দিয়েছেন তবে এটি আরো তদন্ত এবং সম্ভাব্য শৃঙ্খলাবদ্ধ পদক্ষেপের জন্য বিষয়টি পুলিশ বিভাগের নিকট উল্লেখ করে এবং নিজে থেকে আর কোনো পদক্ষেপ নেয় না। প্রস্তাবিত চার্টার সংশোধনীর মাধ্যমে CCRB কে তদন্ত করতে, শুনতে এবং অনুসন্ধানে অনুমতি দেবে এবং CCRB এর অভিযোগে অভিযুক্ত এমন কোনো কর্মকর্তা কর্তৃক যে বৈধ অফিসিয়াল বিবৃতি দেওয়া হয়েছে তার সত্যতা সম্পর্কে শৃঙ্খলার সুপারিশ করবে যদি সেই বিবৃতি CCRB এর অভিযোগের সমাধানের সময় চলাকালীন এবং সম্পর্কিত হয়।

এই প্রস্তাবিত সংশোধনী 31 মার্চ, 2020 থেকে কার্যকর হবে।

**সমন জারির ক্ষমতা অর্পণ।** সম্প্রতি চার্টার CCRB কে এটির তদন্তে সহায়তার জন্য সাক্ষীগণকে প্রমাণ দেওয়া বা রেকর্ড প্রদানের শর্তারোপের আদেশ দেওয়ার ক্ষমতা প্রদান করে। CCRB এর সংখ্যাগরিষ্ঠ বোর্ড দ্বারা অনুমোদিত হলে শুধুমাত্র তখনই এই সমনগুলো জারি করা যেতে পারে। প্রস্তাবিত চার্টার সংশোধনীর ফলে CCRB এর নির্বাহী পরিচালক এই সমনগুলো জারি করতে এবং প্রয়োজন হলে, সমনগুলোর প্রয়োগ করতে আদালতে আবেদন করার জন্য অনুমোদিত হবেন। CCRB তার বোর্ড সদস্যদের সংখ্যাগরিষ্ঠ ভোটের মাধ্যমে এই অনুমোদন করতে বা প্রত্যাহার করতে পারবে।

এই প্রস্তাবিত সংশোধনী 31 মার্চ, 2020 থেকে কার্যকর হবে।

## প্রশ্ন #3: নীতি এবং পরিচালনা প্রক্রিয়া

এই প্রস্তাবনা দ্বারা সিটি চার্টারে নিম্ন বর্ণিত বেশ কয়েকটি সংশোধন নিয়ে আসবে।

**নির্বাচিত কর্মকর্তা এবং সিনিয়র নিয়োগপ্রাপ্ত কর্মকর্তাদের জন্য চাকরি পরবর্তী উপস্থিতিতে নিষেধাজ্ঞা।** প্রাক্তন সিটি কর্মচারী এবং নির্বাচিত কর্মকর্তারা সাধারণত এজেন্সির সাথে কিংবা কিছু কিছু ক্ষেত্রে, তারা সরকারের যে শাখা দ্বারা তারা নিয়োগপ্রাপ্ত হয়েছিলেন, সে শাখার সাথে যোগাযোগ করার জন্য অনুমোদিত নন। তাদের চাকরি শেষ হওয়ার পর এক বছর পর্যন্ত এই নিষেধাজ্ঞা বলবৎ থাকে। এই প্রস্তাবিত চার্টার সংশোধনীটি নির্বাচিত কর্মকর্তা, ডেপুটি মেয়র, এজেন্সির প্রধান, বোর্ড এবং কমিশনের বেতনভোগী সদস্য এবং যেকোনো বোর্ড অথবা কমিশনের সবচেয়ে উচ্চ পদস্থ সরকারি কর্মচারীর জন্য এই নিষেধাজ্ঞা দুই বছরের জন্য বৃদ্ধি করে।

এই সংশোধনী 1 জানুয়ারি, 2022 সাল থেকে কার্যকর হবে এবং এই তারিখের পর সিটির চাকরি ত্যাগ করা যেকোনো সরকারি কর্মচারীর জন্য প্রযোজ্য হবে।

**কনফ্লিক্ট অব ইন্টারেস্ট বোর্ড স্ট্রাকচার।** চাকরির সীমা বহির্ভূত সম্পর্কিত নিয়মসমূহ, স্বেচ্ছাসেবা, উপহার, রাজনৈতিক কার্যকলাপ, ক্ষমতার অপব্যবহার এবং চাকরি পরবর্তী নিষেধাজ্ঞাসহ সকল নৈতিক আইন এবং নিয়মসমূহ যা সরকারি কর্মচারীদের জন্য প্রযোজ্য সেগুলো প্রয়োগ এবং ব্যাখ্যা করার দায়িত্ব কনফ্লিক্টস অব ইন্টারেস্ট বোর্ড (COIB) এর উপর অর্পিত রয়েছে।

বর্তমানে, COIB তে পাঁচজন বোর্ড সদস্য রয়েছে যারা সিটি কাউন্সিলের পরামর্শ এবং সম্মতিক্রমে ছয়-বছর মেয়াদে মেয়র কর্তৃক নিযুক্ত হয়েছেন। এই প্রস্তাবিত চার্টার সংশোধনী দ্বারা 31 মার্চ, 2022 তারিখে মেয়াদোত্তীর্ণ হতে যাওয়া দুইজন সদস্যের একজন কম্পট্রোলার কর্তৃক নিয়োগ প্রাপ্ত হবেন এবং অন্য একজন পাবলিক অ্যাডভোকেট কর্তৃক নিয়োগ প্রাপ্ত হওয়া সদস্যবৃন্দ দ্বারা স্থলাভিষিক্ত হবেন। এছাড়াও সংশোধনীতে শর্ত রয়েছে যে বোর্ড কর্তৃক গৃহীত সিদ্ধান্ত শুধুমাত্র দুইজনের পরিবর্তে অন্তত তিনজন সদস্য (সংখ্যাগরিষ্ঠ) দ্বারা অনুমোদিত হতে হবে।

প্রস্তাবিত সংশোধনীটি অবিলম্বে কার্যকর হবে।

**COIB এর সদস্যদের রাজনৈতিক কার্যকলাপ।** এই চার্টার COIB এর সদস্যদের জন্য মান নির্ধারণ করে। তাদেরকে অবশ্যই স্বাধীনতা, সততা, নাগরিক প্রতিশ্রুতি এবং উচ্চ নৈতিক মান প্রদর্শন করতে হবে। তারা সরকারি অফিসে অধিষ্ঠিত হতে বা অর্জন করতে, সরকারি কর্মকর্তা হতে, রাজনৈতিক দলের অফিসে অধিষ্ঠিত হতে অথবা একজন লবিস্ট হিসেবে সিটির সামনে উপস্থিত হতে পারবেন না। এই প্রস্তাবিত চার্টার সংশোধনী একটি নির্বাচিত সিটি অফিসের জন্য যেকোনো প্রার্থীর প্রচারণায় অংশগ্রহণ করা থেকে COIB সদস্যদেরকে নিষিদ্ধ করবে এবং প্রতিটি নির্বাচনী চক্রের ক্ষেত্রে সদস্যরা যে সর্বোচ্চ পরিমাণ অর্থ প্রদান করতে পারেন তার পরিমাণ যা হচ্ছে মেয়র
($400 পর্যন্ত), পাবলিক অ্যাডভোকেট ($400 পর্যন্ত), কম্পট্রোলার ($400 পর্যন্ত), বরো প্রেসিডেন্ট ($320 পর্যন্ত) এবং সিটি কাউন্সিল (প্রত্যেকের জন্য $250 পর্যন্ত) হ্রাস করবে।

এই সংশোধনী অবিলম্বে কার্যকর হবে এবং ঐ তারিখের পরে COIB এ নিযুক্ত যেকোনো সদস্য বা যেসব সদস্যদের সদস্যপদের মেয়াদ বর্ধিত হয়েছে এমন সকল ব্যক্তিদের ক্ষেত্রে এটি প্রযোজ্য হবে।

**M/WBE সিটিওয়াইড ডিরেক্টর অ্যান্ড অ্যান্ড অফিস।** সিটি চার্টার ও প্রশাসনিক কোড অনুযায়ী, সিটির সংখ্যালঘু ও নারী মালিকানাধীন ব্যবসায়িক উদ্যোগ (M/WBE) প্রোগ্রামকে সিটির সরকারের সংখ্যালঘু ও নারী মালিকানাধীন ব্যবসাসমূহের সংকুচিত সুযোগ-সুবিধার উন্নয়নে সহায়তা করার আদেশ দেওয়া হয়েছে। বর্তমান মেয়রের শাসনাধীনে, সিটির একজন M/WBE ডিরেক্টর এই প্রোগ্রামের সমন্বয় সাধন করেছেন যিনি

সরাসরি মেয়রের কাছে রিপোর্ট করে থাকেন এবং মেয়রের অফিসেই M/WBE এর একটি অফিস রয়েছে যেখান থেকেও তিনি সমর্থন পেয়ে থাকেন। কিন্তু এটি অব্যাহত রাখার জন্য বিদ্যমান আইনের কোনো প্রয়োজন নেই। প্রস্তাবিত চার্টার সংশোধনী মেয়রের ভবিষ্যতের সকল প্রশাসনিক কাজে প্রয়োজন হবে, সিটির M/WBE ডিরেক্টর সরাসরি মেয়রের কাছে রিপোর্ট করবেন এবং মেয়রের অফিসেই M/WBE এর একটি অফিস রয়েছে যেখান থেকেও তিনি সমর্থন পাবেন।

এই প্রস্তাবিত সংশোধনী 31 মার্চ, 2020 থেকে কার্যকর হবে।

**কর্পোরেশন কাউন্সেলের অ্যাপয়েন্টমেন্ট।** সিটির কর্পোরেশন কাউন্সেল হচ্ছে আইনসম্মত প্রতিনিধি এবং সিটির জন্য পরামর্শ দিয়ে থাকে ও সিটির আইন বিভাগ পরিচালনা করে থাকে। ফৌজদারি আদালতে আইন বিভাগ তার এজেন্সিসহ সিটির সকল নাগরিক মামলা, কিশোর অপরাধ ও ফৌজদারি মামলার প্রতিনিধিত্ব করে থাকে। অন্যান্য দায়িত্বের মধ্যে, আইন বিভাগের আইনজীবীরা সিটির ও নিউ ইয়র্ক স্টেটের আইন, রিয়েল এস্টেটের লিজ ও সিটি চুক্তির খসড়া প্রস্তুত ও পর্যালোচনা করে থাকে। আইন বিভাগ বৃহৎ পরিসরের সমস্যার ক্ষেত্রে সিটির কর্মকর্তাদের আইনি পরামর্শও প্রদান করে থাকেন। সম্প্রতি, কর্পোরেশন কাউন্সিলকে মেয়র অনুমোদন প্রদান করেছেন।

এই প্রস্তাবিত সংশোধনী অনুযায়ী সিটি কাউন্সিলের পরামর্শ ও সম্মতিতে মেয়র কর্পোরেশন কাউন্সিলকে নিযুক্ত করবেন। খালি পদের জন্য বা সিটি কাউন্সিল একটি মনোনয়ন বাতিল করলে 120 দিনের মধ্যে খালি পদ পূর্ণ করার জন্য মেয়রকে 60 দিনের মধ্যে মনোনয়ন জমা দিতে হবে।

এই প্রস্তাবিত সংশোধনী অবিলম্বে কার্যকর হবে এবং সংশোধনী চলাকালীন বা অনুমোদন পরবর্তী সময়ে কর্পোরেশন কাউন্সিল অফিসে পদ খালি থাকলে সেক্ষেত্রে প্রয়োগ হবে।

## **প্রশ্ন #4: সিটি বাজেট**

এই প্রস্তাবের কারণে সিটির বাজেট এবং বাজেট প্রক্রিয়ার সিটির চার্টার সম্পর্কিত সংশোধনীতে বেশকিছু পরিবর্তন আসবে।

সিটির চার্টারে বিশদভাবে উল্লিখিত থাকে যা অনুযায়ী মেয়র ও সিটি কাউন্সিল প্রতি বছর সিটির বাজেট নির্ধারণ করে থাকেন। সাধারণত, এপ্রিল মাসে যে বাজেট নির্ধারণ হবে মেয়র তার একটি প্রাথমিক বাজেট জানুয়ারি মাসে প্রস্তাব করে থাকেন। মেয়রের সাথে আলাপ-আলোচনার পর সিটি কাউন্সিল জুনে বাজেট বাস্তবায়ন করে থাকেন এবং বাজেটটি পরবর্তী রাজস্ব বছরের জন্য আরোপ করা হয় যা 1 জুলাই থেকে কার্যকর হয়।

**রেভিনিউ স্ট্যাবিলাইজেশন ফান্ড (যা "রেইনি ডে" ফান্ড হিসেবেও পরিচিত)।** "রেইনি ডে" ফান্ড হলো এক বছরের অতি□□ক্ত রাজস্ব যা ভবিষ্যত বছরের জন্য আলাদা করে রাখা হয় যাতে কোনো কারণবশত বাজেট পূরণে ঘাটতি রয়ে গেলে সেটি ব্যবহার করা যায়, উদাহরণস্বরূপ, অর্থনৈতিক মন্দা, জরুরি অবস্থা বা অবিশ্বাস্য রাজস্ব হ্রাস। "রেইনি ডে" ফান্ড অর্থনৈতিক মন্দার সময় কর ও কাটিং সার্ভিস কাটিয়ে উঠার জন্য বিকল্প হিসেবে কাজ করতে পারে কিন্তু বর্তমানে সিটির "রেইনি ডে" ফান্ডের ব্যাপারে কিছু আইনি বাধা রয়েছে।

একটি আইনি বাধা হলো সিটির চার্টার অনুযায়ী এক বছরের গৃহীত ও রক্ষিত রাজস্ব ভবিষ্যৎ বছরের বাজেটের ভারসাম্য রক্ষার কাজে ব্যবহার করা নিষিদ্ধ। প্রস্তাবিত সংশোধনী চার্টার অনুযায়ী "রেইনি ডে" ফান্ড থেকে প্রয়োজন অনুযায়ী বাজেটের ভারসাম্য রক্ষার ক্ষেত্রে ব্যতিক্রম আনবে, যখন থেকে চালু হবে এবং ফান্ড হবে সেটি কোনো একটি নির্দিষ্ট বছরের বাজেটের ভারসাম্য রক্ষায় ব্যবহৃত হবে। স্টেট আইনের পরিবর্তনগুলোর মধ্যে সিটির চার্টারের মতো একই শর্তাবলি আছে এমন ক্ষেত্রে সিটিরও "রেইনি ডে" ফান্ড ব্যবহারের প্রয়োজনীয়তা রয়েছে। বর্তমানের স্টেট আইন শর্তাবলি 2033 সালে শেষ হবে।

যদি প্রস্তাবিত চার্টার সংশোধনী পাশ হয় এবং স্টেটের আইনেও পরিবর্তন হয় তাহলে স্টেটের বিধিনিষেধ সত্ত্বেও সিটি "রেইনি ডে" ফান্ড ব্যবহার করতে পারবে।

**পাবলিক অ্যাডভোকেট ও বরো প্রেসিডেন্টদের জন্য সংরক্ষিত বাজেট।** প্রতি বছর নির্বাচিত সরকারি অ্যাডভোকেট ও পাঁচজন বরো প্রেসিডেন্টের অফিসের জন্য মেয়র ও সিটি কাউন্সিল বাজেট নির্ধারণ করে থাকে। 2021 রাজস্ব বছরের শুরুতে, প্রস্তাবিত চার্টার সংশোধনী পাবলিক অ্যাডভোকেট ও বরো প্রেসিডেন্টদের জন্য একটি ন্যূনতম বাজেট নির্ধারণ করবে। কোনো নির্দিষ্ট বছরে মেয়র যদি এই মর্মে লিখিত সিদ্ধান্ত প্রদান না করেন যে একটি হ্রাসকৃত বাজেট অর্থনৈতিকভাবে প্রয়োজন তাহলে প্রত্যেকটি অফিসের চলতি রাজস্ব বছর 2020 বাজেটকে ভিত্তি হিসেবে ব্যবহার করে সিটির মোট ব্যয়ের বাজেটে শতকরা পরিবর্তনের অবনমন (পেনশন অবদানসমূহের মতো নির্দিষ্ট উপাদানসমূহ বাদে) বা নিউ ইয়র্ক সিটি মেট্রোপোলিটন এলাকার মুদ্রাস্ফীতির হারের মাধ্যমে ভবিষ্যৎ অর্থ বছরসমূহে এই সকল বাজেটকে সমন্বিত করা যেতে পারে।

এই প্রস্তাবিত সংশোধনী অবিলম্বে কার্যকর হবে যাতে 2021 রাজস্ব বছরে অপেক্ষাকৃত কম বাজেট বাস্তবায়ন হয়।

**রাজস্ব অনুমান।** সিটি চার্টার অনুযায়ী বর্তমানে মেয়রকে পরবর্তী রাজস্ব বছরে সম্পত্তি ট্যাক্স ব্যতীত অন্যান্য উৎস থেকে সম্ভাব্য আয়ের একটি হিসাব 5 জুনের পূর্বে সিটি কাউন্সিলে দিতে হয়, □□ তারিখের পর বাজেট ইতোমধ্যে প্রণীত না হয়ে থাকলে সিটি চার্টারের অধীনে নির্দিষ্ট কিছু জরিমানা করা হয়ে থাকে। বাস্তবে, মেয়র বাজেট গৃহীত হওয়ার সময় সচরাচর অনুমিত কপি জমা দিয়ে থাকেন, যা প্রায়শই 5 জুন তারিখের পরে চলে যায়। নন-প্রপার্টি ট্যাক্স রাজস্ব অনুমান গুরুত্বপূর্ণ একটি অংশ কারণ বাজেট গ্রহণের পর এর উপর ভিত্তি করে সিটি কাউন্সিল বাজেটে সম্পত্তির ট্যাক্স নির্ধারণ করবেন (নন-প্রপার্টি ট্যাক্স রাজস্ব অনুমান ও বাজেটের খরচের পার্থক্য পর্যাপ্ত)।

প্রস্তাবিত চার্টার সংশোধনী যা অবিলম্বে কার্যকর হবে, এপ্রিলে মেয়র যে বাস্তবায়নযোগ্য বাজেট জমা দিবেন তখন সিটি কাউন্সিলের কাছে মেয়রকে নন-প্রপার্টি ট্যাক্স রাজস্ব অনুমানও জমা দিতে হবে। 25 মে পর্যন্ত মেয়র এই অনুমান হালনাগাদ করতে পারবেন। 25 মে তারিখের পর মেয়র লিখিতভাবে জানালেই কেবলমাত্র অনুমান হালনাগাদ করতে পারবেন।

এই প্রস্তাবিত সংশোধনী অবিলম্বে কার্যকর হবে যাতে 2021 রাজস্ব বছরে এর কার্যপ্রক্রিয়া শুরু করা যায়।

**বাজেট সংশোধনের সময়।** সিটির বাজেট গ্রহণের পর সেটি রাজস্ব বছরে সংশোধন করা যেতে পারে। অনেক ক্ষেত্রে, মেয়র যদি খরচ বা রাজস্ব বা এক এজেন্সি বা প্রোগ্রাম থেকে অন্য কোথাও অর্থ বরাদ্দ করতে চায় তাহলে মেয়রকে অবশ্যই বাজেট পরিবর্তনের ধরন অনুযায়ী সিটি কাউন্সিলের অনুমতি নিতে হবে বা কাউন্সিলকে প্রস্তাবিত পরিবর্তনের ব্যাপারে অনুমোদন বা বাতিলের ব্যাপারে জানাতে হবে। এই প্রক্রিয়াকে সাধারণত “বাজেট সংশোধন” বলা হয়ে থাকে।

সিটির বাজেট তৈরির সময়, মেয়র একটি অর্থনৈতিক পরিকল্পনাও করে থাকেন যাতে থাকে বর্তমান রাজস্ব বছরের খরচ ও রাজস্ব আদায় এবং নতুন প্রোগ্রাম বা বাজেট কমানো সম্পর্কিত তথ্য। সিটি চার্টাকে রাজস্ব বছরের প্রতি চার মাস পরপর অর্থনৈতিক পরিকল্পনা হালনাগাদ করে তা প্রকাশ করতে হবে।

প্রস্তাবিত চার্টার সংশোধনীতে 2021 রাজস্ব বছরের শুরুতে যখন মেয়র অর্থনৈতিক পরিকল্পনা জমা দিবেন তখন রাজস্ব বা খরচে কোনো পরিবর্তন থাকলে তা মেয়রকে হালনাগাদ করতে হবে যাতে বাজেট সংশোধন করা যায় এবং তা অর্থনৈতিক পরিকল্পনা হালনাগাদ করার পর জমা দেওয়ার 30 দিনের মধ্যে কাউন্সিলে জমা দিতে হবে।

## প্রশ্ন #5: জমির ব্যবহার

চার্টারের ULURP অধ্যাদেশে এই প্রস্তাবনা দুইটি সংশোধনী আনবে।

সিটির চার্টার ইউনিফর্ম ল্যান্ড ইউজ রিভিউ প্রসিডিউর (ULURP) প্রতিষ্ঠা করে যা একটি নির্দিষ্ট সময়ের মধ্যে ও জমি ব্যবহারের ক্রমাগতভাবে গণ পর্যালোচনার অনুমোদন নিবে বিভিন্ন সরকারি কর্মকর্তা – কমিউনিটি বোর্ডস, বরো প্রেসিডেন্টস, সিটি প্ল্যানিং কমিশন (CPC) এবং অবশ্যই সিটি কাউন্সিল দ্বারা। বিভিন্ন ধরনের ভূমি ব্যবহার কার্যক্রম ULURP অনুযায়ী পরিচালিত হয়, যার মধ্যে রয়েছে কোনো এলাকায় ভিন্ন ভিন্ন জনবসতি ও ব্যবহারের অনুমোদন দেওয়ার জন্য ডিস্ট্রিক্টসমূহের জোন নির্ধারণ; সিটি কর্তৃক সম্পত্তি ক্রয়, বিক্রয় বা ইজারা, যেমন- একটি স্যানিটেশন গ্যারেজ নির্মাণের জন্য ভূমি ক্রয় এবং সেইসকল প্রকল্পের অনুমোদনের জন্য বিশেষ অনুমোদনসমূহ যেগুলোকে সিটির জোনিং রেজ্যুলেশন কঠোরভাবে মান্য করতে হয় না।

**ULURP প্রি-সার্টিফিকেশন নোটিশের সময়।** ULURP শুরু হয় যখন একজন আবেদনকারী (হতে পারে বেসরকারি কোনো ডেভেলপার বা সিটি এজেন্সি) আইনগতভাবে ডিপার্টমেন্ট অব সিটি প্ল্যানিং (DCP) এ আবেদনপত্র জমা দেয় এবং DCP স্বীকৃতি দেয় যে আবেদনপত্র ঠিক আছে।

DCP আবেদনপত্রটিকে সঠিক হিসেবে মঞ্জুর এবং ULURP গণ পর্যালোচনার সময় শুরু করার পূর্বে এই প্রস্তাবিত চার্টার সংশোধনী DCP কে প্রজেক্টের একটি বিস্তারিত সারমর্ম পাঠাবে দায়িত্বপ্রাপ্ত কমিউনিটি বোর্ড, বরো প্রেসিডেন্ট ও বরো বোর্ডের কাছে। আবেদনপত্র মঞ্জুরের 30 দিন ও DCP দ্বারা ওয়েবসাইটে প্রকাশের পাঁচদিনের মধ্যে প্রজেক্টের সারমর্ম দায়িত্বপ্রাপ্ত কমিউনিটি বোর্ড, বরো প্রেসিডেন্ট ও বরো বোর্ডের কাছে পাঠাতে হবে। DCP দ্বারা মঞ্জুরকৃত আবেদনপত্রটি DCP এর কাছে জমা দেওয়া ও ওয়েবসাইটে প্রকাশিত প্রজেক্টের সারমর্মের সাথে সামঞ্জস্যপূর্ণ হতে হবে।

এই প্রস্তাবিত সংশোধনী 31 আগস্ট, 2020 থেকে কার্যকর হবে।

**কমিউনিটি বোর্ডের জন্য ULURP এর অতিরিক্ত পর্যালোচনার সময়।** ULURP অংশ হিসেবে, কমিউনিটি বোর্ড যখন DCP এর কাছ থেকে মঞ্জুরীকৃত আবেদনপত্র পাবে, তখন 60 দিনের মধ্যে জনগণকে জানাতে হবে, গণ শুনানির ব্যবস্থা করতে হবে এবং এর লিখিত পরামর্শ সিটি প্ল্যানিং কমিশন (CPC) ও দায়িত্বপ্রাপ্ত বরো প্রেসিডেন্টের কাছে জমা দিতে হবে। জুলাই ও আগস্ট মাস ছাড়া আইন অনুযায়ী কমিউনিটি বোর্ডকে প্রতি মাসে একটি করে গণ শুনানির ব্যবস্থা করতে হবে। কিছু কিছু কমিউনিটি বোর্ড প্রয়োজনীয় ULURP শুনানি গ্রীষ্মের মাসগুলোতে আয়োজন করতে পারে না যার ফলে CPC ও বরো প্রেসিডেন্টের কাছে তাদের পরামর্শ জমা দিতে পারে না।

প্রস্তাবিত চার্টার সংশোধনী বছরের 1 জুন থেকে 15 জুলাই পর্যন্ত যেসব আবেদনপত্র অনুমোদিত হয়েছে সেগুলোর জন্য ULURP কার্যক্রম পর্যালোচনা, গণ শুনানি ও সমস্যার জন্য কমিউনিটি বোর্ডকে অতিরিক্ত সময় দেওয়া হবে। বিশেষত, প্রস্তাবিত সংশোধনী অনুযায়ী কমিউনিটি বোর্ডসমূহ জুন মাসে অনুমোদিত ULURP আবেদনসমূহ পর্যালোচনা করার জন্য 90 দিন (60 দিনের পরিবর্তে) এবং 1 জুলাই থেকে 15 জুলাইয়ের মধ্যে অনুমোদিত ULURP আবেদনসমূহ পর্যালোচনা করার জন্য 75 দিন (60 দিনের পরিবর্তে) সময় পেতে পারে।

এই প্রস্তাবিত সংশোধনী অবিলম্বে কার্যকর হবে।